

তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০৪৯.০০২.০২.০০.৩০৬.২০১১/ - ০০৩

তারিখ : ০৫/০৭/১৯

বিষয় : জকিগঞ্জ পৌরসভা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ-বছরের গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদের জবাব প্রেরণ।

সূত্র : (ক) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৩৩৪, তারিখ-০৩/০৫/২০১৭ খ্রিঃ।

(খ) স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-৮৮, তারিখ- ১১/০৬/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জকিগঞ্জ পৌরসভা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অনিশ্পন্ন অডিট আপত্তির জবাব 'ক' সূত্রের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু অদ্যাবধি পৌরসভা হতে জবাব পাওয়া যায়নি। পক্ষান্তরে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে 'খ' সূত্রের মাধ্যমে জরুরী জবাব প্রেরণের জন্য তাগিদপত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, ২০১৫-২০১৬ অর্থ-বছরের অনুচ্ছেদ ১ ও ২ এর আপত্তিকৃত সমূদয় অর্থ আদায়পূর্বক সংশ্লিষ্ট তহবিলে জমা করে যথাযথ প্রমানকসহ ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে বিশেষ বাহক মারফত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

জবাব প্রস্তুতকরণে অনুসরণীয় নির্দেশনাসমূহঃ

- অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয় প্রেরণ;
- আপত্তিকৃত সকল অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমানকসহ পৃথক পৃথক ভাবে ২(দুই) সেট জবাব;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমানক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমানক সত্যায়িত করে প্রেরণ;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণে উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

ছক

আপত্তির সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ মন্ত্রণালয়ের মন্তব্য	ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত
১	২	৩	৪	৫

সংযুক্তঃ বর্ণনামতে।

মেয়র
জকিগঞ্জ পৌরসভা
সিলেট।

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে :

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম সচিব (অডিট/ নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- সংরক্ষণ নথি।